কিঞ্চ—

এবং স্বচিত্তে স্বত এব সিদ্ধ
আত্মা প্রিয়োহর্থো ভগবাননন্তঃ
তং নির্বৃতো নিয়তার্থো ভজেত
সংসার-হেতুপরমশ্চ যত্র ॥ ২ ॥

টীকা চ—তদানেন কিং কর্ত্তব্যং, হরিস্তু সেব্য ইত্যাহ, এবং বিরক্তঃ সন্ ভজেত। ভজনীয়ত্বে হেতবঃ, স্বচিত্তে স্বত এব সিদ্ধঃ। যত আত্মা, অতএব প্রিয়ঃ। প্রিয়স্য চ সেবা সুখরূপৈব। অর্থঃ সত্য, নত্বনাত্মবন্মিথ্যা। ভগবান্ ভজনীয়গুণশ্চ। অনন্তশ্চ নিত্যঃ। য এবম্ভূতস্তং ভজেত নিয়তার্থশ্চ নিশ্চল স্বরূপঃ। ভগবদনুভবানন্দেন নির্বৃতঃ সন্নিতি স্বতঃ সুখাত্মকত্বং দর্শিতং। কিঞ্চ যত্র যস্মিন্ ভজনে সতি—সংসার হেতো রবিদ্যায়াঃ উপরমো নাশো ভবতীত্যেষা। অত্র চকারং তৎপ্রাপ্তির্জ্ঞেয়া ॥ ২ ॥ ৬ ॥ শ্রীশুকঃ ॥ ২ ॥

অনন্তর সর্ব্ববিষয়ে বৈরাগ্য উপদেশ করতঃ শ্রীশুকমুনি বলেন—বৈষ্ণব কখনও ভোজন আচ্ছাদন সংগ্রহের জন্য বৃথা চিন্তা করিবে না। কারণ, যিনি নিখিল বিশ্বের পোষণকারী বলিয়া বিশ্বম্ভর নামে খ্যাত, সেই ভগবান্ কি কখনও নিজ ভক্তগণকে উপেক্ষা করিতে পারেন? অতএব, সর্ব্ববিষয়ে বিরক্ত হইয়া শ্রীহরির সেবা করাই কর্ত্তব্য। যেহেতু নিজ আরাধ্যদেবে যে সকল গুণ থাকিলে, ভক্ত ভজন করিয়া সর্ব্বপ্রকারে আত্মপ্রসাদ লাভ করিতে পারে, শ্রীহরি সেইসকল গুণসম্পন্ন। একটী গুণ—তিনি সাধকের চিত্তে সর্ব্বদাই বিদ্যমান আছেন, তাঁহাকে বাহিরে অন্বেষণ করিতে হয় না। যেহেতু তিনি আত্মা, অতএব প্রিয়। আত্মার মত প্রিয়বস্তু নিজ দেহেন্দ্রিয়ও নহে। যেজন প্রিয়, তাহার সেবাটী সুখরূপ। আমরা যাহাকে প্রীতি করি, সময়ান্তরে তাহাকে হারাইতে হয় বলিয়া বেদনা ভোগ করি। কিন্তু শ্রীহরি তিনকালেই এইরূপ বিদ্যমান, তাহাতে আবার তিনি ভগবান্ ভক্তবাৎসল্য, কৃপালুতা-সামর্থ্য, কৃতজ্ঞতা ও বদান্যতা প্রভৃতি ভজনীয় গুণ-সম্পন্ন, তাহাতেও আবার তিনি অনন্ত। তাঁহার তো নাশ নাই; তাঁহাকে যে ভজন করে, তাহার পর্য্যন্ত নাশ নাই। যিনি এবম্ভূত গুণসম্পন্ন, তাঁহাকে অবশ্যই ভজন করিবে এবং সেই ভজনকারী নিশ্চলস্বরূপ অর্থাৎ নিষ্ঠাযুক্ত ও ভগবদনুভবানন্দে পূর্ণমানস হইবে; যেহেতুক তিনি স্বতঃসিদ্ধ আনন্দস্বরূপ। যে ভজনটী করিলে সংসারের মূলহেতুরূপ অবিদ্যার উপরম অর্থাৎ নাশ আপনি হইয়া যায়। শ্রীধরস্বামীপাদ ২।২।৬ শ্লোকে এইরূপই ব্যাখ্যা করিয়াছেন।